


# সবুজ পাতা ফড়িং (Green Leaf Hopper)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উচ্চ সংরক্ষণ, উচ্চ সম্বন্ধিত বালাই ব্যবস্থাপনা

## পোকা পরিচিতি


সবুজ পাতাফড়িং পূর্ণাঙ্গ অবস্থায় ৩-৫ মিলিমিটার পর্যন্ত লম্বা হয়ে থাকে। এদের জীবন চক্রে ডিম, কীড়া ও পূর্ণাঙ্গ ফড়িং সহ তিনটি স্তর থাকে। পূর্ণ বয়স্ক স্ত্রী পাতাফড়িং পাতার খোলের ভিতরে ডিম পাড়ে। তিন থেকে পাঁচ দিনের মধ্যে ডিম থেকে কীড়া বের হয়। দুই থেকে তিন সপ্তাহের মধ্যে কীড়া থেকে পূর্ণাঙ্গ সবুজ পাতাফড়িং সৃষ্টি হয়। উচ্চর সবুজ পাতাফড়িং-এর গায়ে কালো কালো দাগ থাকে। এদের কীড়ার গায়ে বিভিন্ন ধরণের দাগ থাকে।



সবুজ পাতা ফড়িং

## ক্ষতির লক্ষণ

- সবুজ পাতাফড়িং-এর বাচ্চা ও পূর্ণাঙ্গ পোকা উভয় অবস্থায়ই ধানের পাতার রস শুষে থায়;
- ধান গাছ কুশি অবস্থায় (চারা কঢ়ি অবস্থায়) বেশী আক্রান্ত হয়;
- বোরো, আউশ ও আমন তিনি মৌসুমেই এ পোকার প্রাদুর্ভাব লক্ষ্য করা যায়;
- আক্রান্ত গাছ হলুদ ও খাটো হয়ে থাকে;
- এ পোকা টুঁরো ও ইয়োলো ডুয়ার্ফ নামক ভাইরাস রোগের বাহক হিসেবে কাজ করে;
- টুঁরো ভাইরাস রোগের প্রধান বাহক হিসেবে কাজ করে।



সবুজ পাতাফড়িং আক্রান্ত ক্ষেত

## সমন্বিত দমন ব্যবস্থাপনা

- সবুজ পাতাফড়িং ও টুঁরো রোগ প্রতিরোধী জাতের চাষ করা;
- জমিতে পর্যাপ্ত ডাল-পালা পুতে দিয়ে পোকা থেকে পাথি বসার ব্যবস্থা করা;
- হাত জাল দিয়ে পোকা ধরে মেরে কেলা;
- রাতের বেলায় আলোক ফাঁদ দিয়ে পূর্ণাঙ্গ পোকা আকৃষ্ট করে মেরে কেলা;
- যদি হাত জালের প্রতি টালে একটি সবুজ পাতাফড়িং দেখা যায় সেক্ষেত্রে অনুমোদিত মাত্রায় বালাইনাশক ব্যবহার করতে হবে;
- বাজারে অনুমোদিত বিভিন্ন কীটনাশক যেমন- প্লেনাম ৫০ ডিরিউ জি, এগ্রিকল, সপসিন, মিপসিন, একতারা, মেকতারা, স্পাইক, এডমেয়ার, ল্যানসার, এসাটাফ, গেইন, কনফিডর বা অন্যান্য অনুমোদিত কীটনাশক বোতল বা প্যাকেটের গায়ে লেবেলে দেয়া সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে;
- কীটনাশক অবশ্যই রৌদ্রোজ্জবল বিকেল বেলায় প্রয়োগ করতে হবে।

## আরো তথ্যের জন্য:

পরিচালক, উচ্চ সংরক্ষণ উইং, ডিএই, থামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

